দৈনিক খবর

তারিখ 09 OCT 1988
পৃষ্ঠা 7 কলাম 7

042

প্রাথমিক শিক্ষকদের বেতনের হার কমানোর প্রতিবাদে বাকশাল

॥ স্টাফ রিপোর্টার ॥

বাকশালের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অধ্যাপক আবু সাইয়িদ প্রাথমিক শিক্ষকদের বেতন হারা কমানোর প্রতিবাদ ও নিন্দা করেছেন। এক বিবৃতিতে তিনি বলেন, বন্যার পর আর্থিক দুরবস্থার সময়ে সরকার প্রাথমিক শিক্ষকদের বেতন কমানোর যে সিদ্ধান্ত নিয়েছে তা নিদারুণ নিষ্ঠুরতা ও অমানবিক। সরকার অন্যান্য খাতের কোন খুরেই ব্যয়-বরাদ্দ হ্রাসের কথা বলেনি। বরং অনুৎপাদনশীল খাতে বরাদ্দ করার কথা ফলাও করে প্রচার করছে। তিনি শিক্ষকদের পূর্ব বেতন বরাদ্দ বহাল রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী করেছেন।